# পশ্চিমবঙ্গ সরকার
# পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

৬৩,নেতাজি সুভাষ রোড, কলিকাতা - ৭০০০০১ দূরভাষ - ০৩৩-২২৪৩৯০৪০/৪১/৬৬/৬৮

**পত্রাঙ্ক** ৩৫৮৩ (১৮) - আর.ডি./এস.জি.এস.ওয়াই./২০এম-৬/২০০৫ (পার্ট-১) **দিনাঙ্ক** ২৫/০৫/২০০৭

জেলা শাসক

________________(সকল)

সমীপেষু,

**বিষয় : দারিদ্র সীমার নিম্নবর্তী পরিবারের তালিকা প্রকাশ (নির্দেশিকা ৪)।**

মহাশয়/মহাশয়া,

গ্রামীণ দরিদ্র পরিবারগুলিকে বিভিন্ন দারিদ্র দূরীকরণ এবং সামাজিক সহায়তা কর্মসূচীর আওতায় আনবার জন্য এই দপ্তরের ২রা এপ্রিল, ২০০৭ তারিখের পত্রাঙ্ক 076/JS(DG)/007/SGSY/20M-6/05, ৪ঠা এপ্রিল, ২০০৭ তারিখের পত্রাঙ্ক 079/JS(DG)/007/SGSY/20M-6/05, ১৩ই এপ্রিল, ২০০৭ তারিখের পত্রাঙ্ক 2654(18)/SGSY/20M-6/05 এবং ৩রা মে, ২০০৭ তারিখের পত্রাঙ্ক 3070-RD/SGSY/20M-6/05 পত্রগুলিতে বর্ণিত উপভোক্তাদের তালিকা প্রস্তুতির নির্দেশিকা সংক্রান্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কোন কোন গ্রাম সংসদ বা এমন কি কোথাও কোথাও সম্পূর্ণ গ্রাম পঞ্চায়েতের তালিকাতে কিছু অসঙ্গতির খবর বিভিন্ন ক্ষেত্র থেকে পাওয়া গেছে। কয়েকটি জায়গায় দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবারের সংখ্যা তুলনামূলকভাবে অনেক কমে গেছে। কোথাও কোথাও আবার অনুপযুক্ত ব্যক্তিদের নাম অন্তর্ভূক্ত হয়ে যাওয়ার জন্য তালিকা বেড়ে গেছে। এত বৃহৎ সংখ্যার পরিবারের আর্থ-সামাজিক অবস্থান অনুযায়ী আপেক্ষিক দারিদ্রের যথাযথ মূল্যায়ন করতে গেলে বস্তুনিষ্ঠ অবস্থানের ভিত্তিতে প্রাপ্ত নম্বরগুলি ঠিকমত যাচাই করা দরকার যা কেবলমাত্র জনগণের ব্যাপক অংশগ্রহণের মাধ্যমেই হওয়া সম্ভব। সাম্প্রতিক প্রকাশিত তালিকা কোন কোন এলাকার মানুষের আশানুরূপ হয় নি বলে খবর পাওয়া যাচ্ছে ও তার মোটামুটিভাবে দুটি কারণ আছে। প্রথম কারণটি হল NSSO-র মূল্যায়ন অনুযায়ী গ্রামাঞ্চলের দারিদ্রের হ্রাস পাওয়া এবং পূর্বতন তালিকায় বেশ কিছু অনুপযুক্ত ব্যক্তিদের নাম থাকা। অপর কারণটি হল কিছু পরিবারের বস্তুনিষ্ঠ আর্থ-সামাজিক অবস্থানের মূল্যায়নে কিছু ত্রুটি থেকে যাওয়া। যেসব জায়গায় সাধারণ মানুষ নির্দেশিকায় বলা থাকলেও খসড়া তালিকা যথাযথভাবে পরীক্ষা করেন নি সেই সব জায়গাতে ত্রুটির ব্যাপ্তি তুলনামূলকভাবে বেশী। এই ধরনের ত্রুটি এড়ানোর জন্য এই দপ্তরের ৩০শে মে, ২০০৬ তারিখের পত্রাঙ্ক 2946(36)/SGSY/20M-6/05 এবং ১১ই আগষ্ট, ২০০৬ তারিখের পত্রাঙ্ক 4062/SGSY/20M-6/05 তে বারংবার খসড়া তালিকার বিশদ প্রচার, গ্রাম সংসদ সভা আয়োজন করা এবং তালিকা যাচাই করবার যথাযথ নির্দেশ দেওয়া হয়েছিল। প্রতীয়মান হয় যে কোন কোন অঞ্চলে নির্দেশিত পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হয়নি। এর ফলে এইসব জায়গায় বেশকিছু গরমিল থেকে গেছে।

একথা স্মরণে রাখা দরকার যে, এইধরনের প্রক্রিয়া আপেক্ষিক আর্থ-সামাজিক অবস্থান সূচিত করে এবং এর নির্ভূলতা প্রত্যেক পরিবারের দ্বারা তথ্যের যথাযথ যাচাই-এর উপর নির্ভর করে। যাতে প্রকাশিত তালিকায় পরিবারগুলির আপেক্ষিক মূল্যায়ন সঠিক হয় তার জন্য একথা পুনর্বার বলা হচ্ছে যে, শুধুমাত্র দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবারের তালিকাই নয়, বরঞ্চ সকল পরিবারের তালিকা গ্রাম সংসদে জনগণের দ্বারা পরীক্ষার জন্য পেশ করতে হবে। কোন কোন জায়গায় মূলতঃ কম্পিউটারে তথ্য সংকলন করার সমস্যার জন্য তালিকা চূড়ান্ত করতে দেরী হয়েছে। যদি কোন ক্ষেত্রে এই তালিকা গ্রাম সংসদের সভায় পেশ করা না হয়ে

থাকে অথবা পর্যাপ্তভাবে আলোচিত না হয়ে থাকে সেক্ষেত্রে গ্রাম সংসদের একটি বিশেষ সভা আহ্বান করতে হবে। এই সভায় প্রত্যেককে তালিকা দেখবার সুযোগ দিতে হবে যাতে তারা তাদের পাওয়া নম্বরের ভিত্তিতে আর্থ-সামাজিক আপেক্ষিক অবস্থান যাচাই করে নিতে পারেন এবং সুনির্দিষ্ট মতামত দিতে পারেন। দারিদ্রসীমার নিম্নবর্তী ব্যক্তিদের তালিকায় প্রত্যেকের প্রাপ্ত নম্বর কমিয়ে যথাসম্ভব অধিক সংখ্যায় নাম ঢোকানোর একটা প্রবণতা দেখা যেতে পারে। অতএব গ্রাম সংসদগুলিকে শুধুমাত্র এই ক্ষমতা দেওয়া হচ্ছে যাতে যাদের নাম ভুলবশতঃ বি.পি.এল. তালিকায় রাখা হয়েছে বলে গ্রাম সংসদ মনে করছে, তাদের ঐ সংক্রান্ত কোন সুযোগ না দেওয়া হয়।এইসব ক্ষেত্রে গ্রাম সংসদের নির্দিষ্ট কারণ সহ সুপারিশের ভিত্তিতে সেই সব পরিবারের নাম বি.পি.এল. তালিকা থেকে যথা সময় বাদ দেওয়া সম্ভব হবে। যে সমস্ত পরিবারের নাম সমীক্ষা তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে কিন্তু তাদের মধ্যে যাদের প্রাপ্ত নম্বর তাদের আর্থ-সামাজিক অবস্থানের তুলনায় বেশী দেখানো হয়েছে বলে আপাতদৃষ্টিতে প্রতীয়মান হচ্ছে, তাদেরকে গ্রাম সংসদ গ্রাম পঞ্চায়েতের কাছে নির্দিষ্ট কারণসহ দরখাস্ত পেশ করবার পরামর্শ দিতে পারেন। এই দরখাস্তে কোন্ সূচকের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত নম্বর বেশি তার নির্দিষ্ট উল্লেখ থাকতে হবে। যথা সময়ে এই দরখাস্তগুলি তদন্তের মাধ্যমে যাচাই করা হবে। যেহেতু সমগ্র রাজ্যের গ্রামাঞ্চলের দারিদ্র্যের যা হার তার সঙ্গে সঙ্গতি রেখে দারিদ্র্য দূরীকরণ কর্মসূচীর আওতায় কত পরিবার আনা সম্ভব হবে তা ঠিক করা হয়, সেহেতু বহুল সংখ্যার পরিবারের প্রাপ্ত নম্বর কমলে দারিদ্রসীমা নির্দেশক সর্বোচ্চ প্রাপ্ত নম্বর স্বাভাবিকভাবে কমে যাবে (যাতে মোট দরিদ্র পরিবারের সংখ্যা একটা উৰ্দ্ধসীমার উপর না যেতে পারে)। এই কারণে যেসব পরিবারের প্রাপ্ত নম্বর কমে যাচ্ছে স্থানীয়ভাবে তাদের নাম দারিদ্রসীমার নিম্নবর্তীদের তালিকায় অন্তর্ভূক্ত করা যাবে না। প্রাপ্ত দাবি এবং আপত্তির ভিত্তিতে যথাযথ তদন্তের পরে যখন সমগ্র রাজ্যের পরিবার ভিত্তিক সংশোধিত প্রাপ্ত নম্বরের চিত্র পাওয়া যাবে, তখনই মাত্র তালিকা সংশোধনের ব্যবস্থা নেওয়া যাবে। যদি খুব বেশি সংখ্যায় পরিবারের প্রাপ্ত নম্বর কমে যায়, তাহলে দারিদ্রসীমার নির্দেশক সর্বোচ্চ প্রাপ্ত নম্বরকেও কমানোর প্রয়োজন হবে। অর্থাৎ কিছু দরিদ্রতর ব্যক্তির নাম দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবারের তালিকায় ঢোকানোর জন্য কিছু তুলনামূলকভাবে কম দরিদ্র পরিবারের নাম বাদ দিতে হবে যাতে NSSO-র সমীক্ষায় পাওয়া এই রাজ্যে দারিদ্র্যের তীব্রতার সঙ্গে যে সকল পরিবারকে দারিদ্র্যসীমার নীচের পরিবারদের জন্য নির্দিষ্ট সুবিধা দেওয়া হবে তার সামঞ্জস্য রক্ষিত হয়। প্রাপ্ত নম্বর পুনরায় মূল্যায়ন করবার জন্য মোট কত সংখ্যক মানুষ দরখাস্ত করলেন সেই সংখ্যার উপরে পুনর্তদন্ত কখন করা হবে তা নির্ভর করবে। একথাও সংশ্লিষ্ট সকলকে বোঝাতে হবে যে অনুপযুক্ত ব্যক্তিদের নাম বাদ দিলে যথার্থ দরিদ্র ব্যক্তিদের প্রতি বর্তমানে প্রাপ্য সুবিধাগুলিকে আরও সুনির্দিষ্টভাবে পৌছান সম্ভব হবে। যাদের নাম অন্তর্ভূক্ত হওয়া উচিত ছিল কিন্তু পুনর্তদন্তের প্রয়োজন তারা বরাবরের জন্য বাদ পড়বেন না, তবে পুনর্তদন্ত শেষ হওয়া অবধি অপেক্ষা করতেই হবে। অবশ্য এদের মধ্যে যারা ইতিমধ্যে কোন সুবিধা উপভোগ করছেন, তারা আপাতত সেই সুবিধা পেতে থাকবেন: - একথা পূর্বেই জানানো হয়েছে। কোন প্রকার আশঙ্কা দূর করবার জন্য এই বিষয়টি সকলকে জানানো দরকার। একথা বলার অপেক্ষা রাখে না যে, নতুন সুবিধা কেবল মাত্র নতুন তালিকা থেকে দেওয়া হবে এবং যেহেতু গ্রাম সংসদের অনুপযুক্ত ব্যক্তিদের নাম বাদ দেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে, সেহেতু যথার্থ গরীবদের প্রতি নুতন সুবিধাগুলি সুনির্দিষ্ট হবে। যদিও সংশোধনের পদ্ধতি শেষ না হওয়া পর্যন্ত কিছু কিছু প্রকৃত দরিদ্র পরিবার নতুন তালিকার বাইরে থাকতে পারেন - যার প্রেক্ষিতে পূর্বেই ব্যাখ্যা করা হয়েছে।

যে সকল দরিদ্র পরিবারের প্রাপ্ত নম্বর সমান তাদের বিভিন্ন কর্মসূচীর সুবিধা দেওয়ার জন্য গ্রাম সংসদ অগ্রাধিকার অর্পণ করবেন। যে সমস্ত পরিবার সর্বাপেক্ষা কম নম্বর পেয়েছেন, তাদের থেকেই সুবিধার সম্প্রসার শুরু করতে হবে। কোন কোন ক্ষেত্রে এমন কিছু পরিবার পাওয়া যাবে যাদের কর্তার নাম এক। সংশ্লিষ্ট সকলকে এই দপ্তরের ১৫/০৯/২০০৬ তারিখে SPRD - 1845 (18) - 06/20-M/2005 পত্রাঙ্ক এবং তারপরে ২৯/০৯/২০০৬ তারিখে 5555 (18) - RD (SGSY)/20-M/2005 পত্রাঙ্কে পরিবারের কর্তার পিতা বা স্বামীর নাম নথিভূক্ত করতে অনুরোধ করা হয়েছিল যাতে অন্ততঃ এই সকল ক্ষেত্রে প্রতিটি পরিবারকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত

করা যায়। অনেক ক্ষেত্রেই এই পদ্ধতি অনুসরণ করা হয় নি, ফলতঃ তালিকা কার্যকরী করতে কোথাও কোথাও অসুবিধার সম্মুখীন হতে হবে। বর্তমান পর্বে এই কাজটি অবশ্যই করতে হবে যাতে পরিবারগুলিকে চিহ্নিত করতে কোন অসুবিধা না হয়।

সর্বনিম্ন নম্বর পাওয়া পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে এবং অনুপযুক্ত পরিবারগুলিকে বাদ দিয়ে দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবারগুলির নতুন তালিকা যথাশীঘ্র সম্ভব কার্যকরী করা প্রয়োজন। ডিভিশন স্তরে সম্প্রতি যে পর্যালোচনা সভা হয়েছিল সেই সভার আলোচনা অনুযায়ী দরিদ্র পরিবারগুলি সনাক্তকরণের এবং ত্রুটি সংশোধনের নীতি এবং পদ্ধতি অবলিম্বে গ্রাম পঞ্চায়েতের সমস্ত সদস্যদের ব্যাখ্যা করা প্রয়োজন, যাতে সমস্ত গ্রামের প্রত্যেক পরিবার সচেতনভাবে এই পদ্ধতিতে অংশগ্রহণ করতে পারেন। একথা স্পষ্টভাবে জানানো হচ্ছে যে এই ব্যাপারে কোন পুনর্সমীক্ষা সম্ভব করা হবে না, তবে সব সময়েই যে কোন পরিবার নির্দিষ্ট দাবী বা আপত্তি পেশ করতে পারবেন, যাতে তদন্ত করে ভুলত্রুটিগুলি সংশোধন করা যায়।

ভবদীয়,

**প্রধান সচিব**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর**